# Times Today BD

এম এস রহমান | রাজশাহী | 23 April, 2025

পাবনার চাটমোহর উপজেলার পার্শ্বডাঙ্গা ইউনিয়নে বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানে জি আর চাউল বরাদ্দে অনিয়মের প্রতিবাদে মানববন্ধন করেছেন এলাকাবাসী।

বুধবার (২৩ এপ্রিল) বিকেলে উপজেলার পার্শ্বডাঙ্গা ইউনিয়নের মহেলা বাজারে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে বক্তারা বলেন, এই ইউনিয়নের বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানে জি আর চাউল বরাদ্দ দেয় জেলা প্রশাসন।এর মধ্যে সাতটি প্রতিষ্ঠানে সাড়ে এগারো মেট্রিক টন চাউল বরাদ্দ নিয়ে ব্যাপক অনিয়ম পাওয়া গেছে।এসব প্রতিষ্ঠানের কমিটিকে না জানিয়ে ভুয়া কমিটি তৈরি করে চাউল উত্তোলন করে আত্মসাৎ করেছেন একটি চক্র।বিষয়টি জানাজানি হওয়ার পর ক্ষোভে ফুঁসে উঠেছেন এলাকাবাসী।অবিলম্বে আত্মসাৎকৃত চাউল বা সমমান টাকা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে জমা দেয়ার পাশাপাশি অভিযুক্তদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি জানান এলাকাবাসী।

এলাকাবাসীর মধ্যে বক্তব্য দেন, রিপন রহমান, ফায়সাল কবির, এস কে পান্না মামুন, আলহাজ্ব সাদেক আলী সহ অনেকে।

জি আর চাউল অনিয়ম মানববন্ধন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:26

URL: https://www.timestodaybd.com/rajshahi/1337775807